# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৬৮

৪১/ জান্নাতের বিবরণ (كتاب صفة الجنة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

---

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، عَنْ أَبِي بَكْرِ بْنِ عَيَّاشٍ، عَنِ الأَعْمَشِ، عَنْ مَنْصُورٍ، عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، يَرْفَعُهُ قَالَ " ثَلاَثَةٌ يُحِبُّهُمُ اللَّهُ رَجُلٌ قَامَ مِنَ اللَّيْلِ يَتْلُو كِتَابَ اللَّهِ وَرَجُلٌ تَصَدَّقَ صَدَقَةً بِيَمِينِهِ يُخْفِيهَا أُرَاهُ قَالَ مِنْ شِمَالِهِ وَرَجُلٌ كَانَ فِي سَرِيَّةٍ فَانْهَزَمَ أَصْحَابُهُ فَاسْتَقْبَلَ الْعَدُوَّ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ وَهُوَ غَيْرُ مَحْفُوظٍ . وَالصَّحِيحُ مَا رَوَى شُعْبَةُ وَغَيْرُهُ عَنْ مَنْصُورٍ عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ عَنْ زَيْدِ بْنِ ظَبْيَانَ عَنْ أَبِي ذَرٍّ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَأَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ كَثِيرُ الْغَلَطِ .

বাংলা

২৫৬৮. আবূ কুরায়ব (রহঃ) ...... আবদুল্লাহ্ ইবন মাসউদ (রাঃ) থেকে মারফূ’রূপে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তিন ব্যক্তি এমন যাদেরকে মহাপরাক্রমশালী আল্লাহ্ তা’আলা ভালবাসেনঃ যে ব্যক্তি রাতে সালাতে দাঁড়িয়ে আল্লাহর কিতাব তিলাওয়াত করে, যে ব্যক্তি (এমন) গোপনে আল্লাহর পথে ডান হাতে দান-খয়রাত করে যে, বাম হাতও তা টের পায় না এবং যে ব্যক্তি কোন যুদ্ধভিযান দলে শরীক হয় আর তার সঙ্গী-সাথীরা হেরে যাওয়ার পরও সে শুত্রু সম্মুখে অগ্রসর হয়। যঈফ, মিশকাত - তাহকিক ছানী ১৯২১, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৬৭ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। এই সূত্রে এটি সংরক্ষেত নয়। সহীহ রিওয়ায়ত হল যেটি শু’বা (রহঃ) প্রমূখ মানসূর-রিবঈ ইবন খিরাশ-যায়দ ইবন যাবয়ান-আবূ যাবর (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। রাবী আবূ বকর ইবন আয়্যাশ রিওয়ায়তের ক্ষেত্রে অনেক ভুল করে থাকেন।

## English

Abdullah bin Mas'ud narrated a Marfu'narration:
"There are three whom Allah, the Mighty and Glorious, loves: A man who stood at night reciting the Book of Allah; a man who spent in charity with his right hand, concealing it"- it seems to me he said "from his left hand"- "and a man who was in a small expedition while his companions were decimated, yet he faced enemy."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37922

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন